



## এইচ আই ভি প্রতিরোধে পঞ্জিমবস রাজ্য এইড্স প্রতিরোধ ও নিষ্পত্তি সংস্থা-র প্রধান পরিষেবাগুলি হল.....

### ইন্টিয়েটেড কাউন্সেলিং এন্ড টেস্টিং সেন্টার (আইসিটিসি)

শুধু মাত্র রক্তপরীক্ষার মাধ্যমে এইচ আই ভি সংক্রমণ সম্পর্কে নিশ্চিত হওয়া যায়। বিনামূল্যে এই রক্তপরীক্ষা করতে ও পরামর্শ পেতে আপনার কাছের সরকারি হাসপাতালের আইসি টি সি-তে যোগাযোগ করুন। পরীক্ষার ফলাফল সম্পূর্ণ গোপন রাখা হবে। এই মুহূর্তে আমাদের রাজ্যে প্রায় ৩৫০টি আইসি টি সি আছে।

### অ্যান্টি রেট্রোভাইরাল থেরাপি কেন্দ্র (এ আর টি সেন্টার)

রক্তপরীক্ষায় এইচ আই ভি ধরা পরলে বিনামূল্যে সরকারি চিকিৎসাব্যবস্থায় নাম নথিভুক্ত করার জন্য এ আর টি কেন্দ্রে যোগাযোগ করুন। এই মুহূর্তে আমাদের রাজ্যে ১৬টি অ্যান্টি রেট্রোভাইরাল থেরাপি কেন্দ্র আছে।

### সুরক্ষা ক্লিনিক বা এস টি আই/যৌনরোগ নিরাময় কেন্দ্র

যৌনরোগের উপস্থিতি এইচ আই ভি সংক্রমণের ঝুঁকি বহুগুণ বাড়িয়ে দেয়। বিনামূল্যে পরামর্শ ও চিকিৎসা পেতে কাছের সরকারি হাসপাতালের সুরক্ষা ক্লিনিকে যোগাযোগ করুন। এই মুহূর্তে আমাদের রাজ্যে মোট ৪৬টি সুরক্ষা ক্লিনিক বা যৌনরোগ নিরাময় কেন্দ্র চালু আছে।

### ব্লাড ব্যাঙ্ক

পরীক্ষিত ও এইচ আই ভি মুক্ত রক্তের জন্য কেবলমাত্র নথিভুক্ত সরকারি ব্লাড ব্যাঙ্ক থেকেই রক্ত নিন। এই মুহূর্তে আমাদের রাজ্যে সরকারি ও সরকারি লাইসেন্সপ্রাপ্ত মোট ১১৯টি ব্লাড ব্যাঙ্ক চালু আছে।

### ও এস টি (ওপয়েড সাবস্টিউটিউট থেরাপি) সেন্টার

ইনজেকশনের সূচ ও সিরিজের মাধ্যমে নেশা করেন যারা, তাদের মধ্যে এইচ আই ভি সংক্রমণের ঝুঁকি কমানোর জন্য ৭টি সরকারি হাসপাতালে এবং এন জি ও পরিচালিত ১টি ও এস টি (ওপয়েড সাবস্টিউটিউট থেরাপি) সেন্টার চালু আছে।



পঞ্জিমবস রাজ্য  
এইড্স প্রতিরোধ ও নিষ্পত্তি সংস্থা  
কর্তৃক জনস্বার্থে প্রচারিত